



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

৩১ জানুয়ারি ২০১৮খ্রি.

সিটি মেয়রের সাথে লেবাননের রাজধানী বৈরুত থেকে আগত ধর্মীয় নেতা
ড. শেখ জামাল মোহাম্মদ সায়ার আল হোসাইনী আল হাসেমীর সৌজন্য সাক্ষাত

৩১ জানুয়ারি ২০১৮ খ্রি. বুধবার, সন্ধ্যায় নগর ভবনে মেয়র দপ্তরে মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীনের সাথে লেবাননের রাজধানী বৈরুত থেকে আগত ধর্মীয় নেতা ড. শেখ জামাল মোহাম্মদ সায়ার আল হোসাইনী আল হাসেমী সৌজন্য সাক্ষাত করেন। প্রিয় নবীজীর দৌহিত্র হযরত ইমাম হোসাইন (র:) এর ৪১ তম বংশধর এ ধর্মীয় নেতা মেয়রের সাফল্য ও বাংলাদেশের উন্নয়ন কামনা করে মুনাজাত করেন। মেয়র তাঁকে স্বাগত জানিয়ে পবিত্র ইসলামের বাণী সারা পৃথিবীময় ছড়িয়ে দেয়ার অনুরোধ জানান। এ সময় চসিকের কর্মকর্তা এবং ধর্মীয় নেতার সাথে আগত নেতৃত্বদ্বন্দ উপস্থিত ছিলেন।

৩১ জানুয়ারি ২০১৮খ্রি.

কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজ, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহিলা
মহাবিদ্যালয় ও পতেঙ্গা সিটি কর্পোরেশন মহিলা কলেজ
এর গভর্নিং বডির সভা অনুষ্ঠিত

৩০ জানুয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার, বিকেলে নগর ভবনে সম্মেলন কক্ষে কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজ, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহিলা মহাবিদ্যালয় ও পতেঙ্গা সিটি কর্পোরেশন মহিলা কলেজ এর পরিচালনা কমিটির সভা অনুষ্ঠিত হয়। উল্লেখিত শিক্ষা প্রতিষ্ঠানের সভায় সভাপতিত্ব করেন কমিটির সভাপতি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন। সভায় চট্টগ্রাম জেলা পরিষদের চেয়ারম্যান এম এ সালাম, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কাউন্সিলর জয়নাল আবেদীন, এস এম ফজলুল হক, প্রকৌশলী মোহাম্মদ ইসহাক, প্রধান শিক্ষা কর্মকর্তা মিসেস

নাজিয়া শিরিন, শিক্ষা কর্মকর্তা সাইফুর রহমান ও সিদ্ধার্থ কর সহ পরিচালনা কমিটির অন্যান্য সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভায় পূর্ববর্তী সভার কার্য বিবরণী পঠন ও অনুমোদন, কলেজ ভবন সম্প্রসারণ, শিক্ষক স্বল্পতা, ২০১৮-২০১৯ সনের বাজেট অনুমোদন, বিগত ২০১৭-২০১৮ অর্থ বছরের আয় ব্যয় অনুমোদন, প্রশংসা পত্র, গার্লস গাইড, ব্যাংক একাউন্ট, ছাত্র-ছাত্রী ভর্তি ফি জমা দানের ব্যাংক একাউন্ট, ভর্তি ফি নির্ধারণ ও খরচ অনুমোদন, ২০১৮-২০১৯ সনের শিক্ষা বর্ষে ভর্তি সংক্রান্ত আলোচনাসহ গভর্নিং বডি পুনঃগঠন, কুয়াইশ বুড়িশ্চর শেখ মোহাম্মদ সিটি কর্পোরেশন কলেজে বাস দুর্ঘটনায় নিহত ছাত্র-ছাত্রীর মনোমেন্ট স্থাপন, তাদের পরিবারকে আর্থিক সহায়তা প্রদান, নিহত ছাত্র-ছাত্রীর নামে দু'টি রুমের নামকরণ, অত্র কলেজের সামনে রাস্তার উপর অবৈধভাবে নির্মিত স্থাপনা সর্বসাধারণের নিরাপদ চলাচলের স্বার্থে উচ্ছেদ করা, অনলাইনে ইন্টার্নাল পরীক্ষার ফলাফল প্রকাশ, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা, রাষ্ট্রবিজ্ঞান ও ইংরেজী বিষয়ে অনার্স কোর্স চালু করণ, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহিলা মহাবিদ্যালয়ের নাম পরিবর্তন করে পাথরঘাটা সিটি কর্পোরেশন মহাবিদ্যালয় নামকরণ, পাথরঘাটা সিটি কর্পোরেশন মহিলা মহাবিদ্যালয়ের গভর্নিং বডি পুনঃগঠন, পতেঙ্গা সিটি কর্পোরেশন মহিলা কলেজে শহীদ মিনার স্থাপন, হিসাব বিজ্ঞান, ব্যবস্থাপনা ও ইংরেজী বিষয়ে অনার্স কোর্স চালু করণের সিদ্ধান্ত গৃহিত হয়। সভায় গভর্নিং বডি নব নির্বাচিত সদস্যদের পরিচয় করে দেয়া হয়। সভার সভাপতি মাননীয় মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, শিক্ষার প্রসার ও মান উন্নয়নের স্বার্থে যে কোন ঝুঁকি নিতে তিনি প্রস্তুত আছেন। কারণ শিক্ষার আলোতে আলোকিত না হলে সমাজ আলোকিত হবে না। আলোকিত মানুষ গড়ার প্রত্যয়ে ভর্তুকি দিয়ে চট্টগ্রাম সিটি কর্পোরেশন শিক্ষা প্রতিষ্ঠান সফলতার সাথে পরিচালনা করে যাচ্ছে। তিনি পরিচালনা কমিটির সকলকে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সাথে শিক্ষা প্রতিষ্ঠানের সুনাম-সুখ্যাতি বৃদ্ধি জন্য নিরলসভাবে দায়িত্ব পালন করার আহবান জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা